দৈনিক ইনকিলাব

তারিখ ... 1 1 APR 2009
পৃষ্ঠা ... ১ কলাম ... ৬

# ছাত্রলীগে সন্ত্রাসী কর্মকাণ্ড সহ্য করা হবে না

## -প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা

স্টাফ রিপোর্টার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ও বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনৈতিক উপদেষ্টা অধ্যাপক ড. আলাউদ্দিন আহমেদ বলেছেন, মুক্তিযুদ্ধ এবং বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে ছাত্রলীগের গৌরবোজ্জ্বল ভূমিকা রয়েছে। সাম্প্রতিক সময়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ছাত্র রাজনীতির কিছু নেতিবাচক ঘটনা প্রসঙ্গে উপদেষ্টা বলেন, ছাত্রলীগের মতো একটি বৃহৎ সংগঠনে ভিন্ন মতাদর্শের লোকজন থাকতে পারে। উপদেষ্টা বলেন, ছাত্রলীগে সন্ত্রাসী কোন কর্মকাণ্ড সহ্য করা হবে না। সংগঠনে বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, ছাত্রলীগে অচিরেই শৃঙ্খলা ফিরে আসবে। গতকাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ পর্ষদ আয়োজিত উপদেষ্টাকে দেয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে এ কথা বলেন। ঢাকা এলজিইডি মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. শরীফ এনামুল কবির বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার স্বাভাবিক পরিবেশ বিনষ্টকারী যেই হোক তাকে আইনের হাতে তুলে দেয়া হবে। ভিসি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বর্তমান পরিস্থিতি প্রসঙ্গে হুঁশিয়ারী ব্যক্ত করে বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সন্ত্রাসীদের কাউকে ক্ষমা করবে না। ভিসি শিক্ষার সুষ্ঠ স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে সাবেক ছাত্রলীগ পৃঃ ৫ কঃ ৩

**প্রধানমন্ত্রীর রাজনৈতিক** প্রথম পৃষ্ঠার পর

নেতাদের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সাবেক ছাত্রলীগ পর্ষদ-এর আহ্বায়ক মুহাম্মদ শামসুল হক। অনুষ্ঠানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ ফরহাদ হোসেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের সাবেক ভিপি কাপাসিয়া উপজেলা চেয়ারম্যান ও বাংলাদেশ কৃষক লীগের সাধারণ সম্পাদক মোতাহার হোসেন মোল্লাসহ সাবেক ছাত্রলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।